তারিখ 10 MAR 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

৩

৮০৮

# সকল হল হইতে অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেফতার করুন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক জরুরী সভায় ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়াছে। সভায় নিরপেক্ষভাবে সকল আবাসিক হল হইতে অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেফতারের জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সকল হল হইতে

(১ম পৃঃ পর)

জানানো হয়। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সকল আবাসিক হলের প্রভোষ্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, প্রক্টরসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বলা হয়, বিভিন্ন তথ্য হইতে প্রাপ্ত খবর অনুযায়ী ইহা মনে করার যথেষ্ট কারণ রহিয়াছে যে, হলসমূহে প্রচুর অস্ত্রশস্ত্রের আমদানী ঘটিয়াছে। ক্যাম্পাসে বহিরাগতদের আনাগোনা বৃদ্ধি পাওয়ায় আইনশৃংখলা পরিস্থিতির অবনতি ঘটার আশংকা দেখা দিয়াছে। প্রকৃতপক্ষে ক্যাম্পাসে এখন কেহই নিরাপদ বোধ করে না। বিভিন্ন দল বা সংগঠন অস্ত্রের মাধ্যমে ক্যাম্পাসে তাহাদের রাজনৈতিক দ্বন্দ্ব বা মতপার্থক্যের সমাধান চাহিতেছে। সমস্যাটি মূলতঃ রাজনৈতিক তাই বিশ্ববিদ্যালয়কে রণক্ষেত্র হিসাবে ব্যবহার না করার জন্য বিবদমান দলগুলির প্রতি আহ্বান জানান হয়।